# আপনার অধিকারগুলি জানুন

সাধারণ নির্বাচন অথবা বিশেষ নির্বাচনে আপনার ভোটদানের অধিকার থাকবে যদি:

- আপনি একজন নিবন্ধিত ভোটার হন।
- নির্বাচনের দিন সকাল 6টা থেকে রাত 9টার মধ্যে আপনি আপনার ভোটদান কেন্দ্রের ভিতরে বা লাইনে থাকেন, অথবা আপনি আগাম ভোট দেন।

আপনার একটি প্রাথমিক নির্বাচনে ভোটদানের অধিকার আছে যদি:

- আপনি একজন নিবন্ধিত ভোটার এবং এমন একটি দলে তালিকাভুক্ত যারা প্রাথমিক নির্বাচন পরিচালনা করছে, যদি না রাজ্যের দল সংক্রান্ত বিধি অন্যথায় অনুমতি দেয়।
- নির্বাচনের দিন সকাল 6টা থেকে রাত 9টার মধ্যে আপনি আপনার ভোটদান কেন্দ্রের ভিতরে বা লাইনে থাকেন, অথবা আপনি আগাম ভোট দেন।

**আপনার আগাম ভোট দেওয়ার অধিকার আছে। আগাম ভোট নির্বাচনের দিনের 10 দিন আগে থেকে শুরু করে প্রতিটি নির্বাচনের দিনের আগে পরপর নয় দিন ধরে চলবে। আপনি নির্বাচনের দিনেও ভোটদান করতে পারেন।**

**আগাম ভোট বা নির্বাচনের দিন কোথায় ভোট দেবেন তা জানতে vote.nyc-এ যান।**
**আপনার আগাম ভোটদান কেন্দ্রটি আপনার নির্বাচনের দিনের ভোটদান কেন্দ্র থেকে আলাদা হতে পারে।**

**যেকোনো নির্বাচনে আপনার এই অধিকারগুলি রয়েছে:**

- ভোট দেওয়ার জন্য আপনার যদি সাহায্যের প্রয়োজন হয়, তবে একজন প্রশিক্ষিত ভোট কর্মী সহ আপনার পছন্দের যেকোনো ব্যক্তির (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়নের প্রতিনিধি ছাড়া) দ্বারা সাহায্য পাওয়ার

  আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তবে নির্বাচিত কেন্দ্রগুলিতে ভোটারদের সাহায্য করার জন্য দোভাষীরা উপলব্ধ আছেন।
  - **স্প্যানিশ, চাইনিজ (ক্যান্টনিজ ও মান্দারিন), কোরিয়ান, বাংলা, পাঞ্জাবী ও হিন্দি ভাষার দোভাষীর উপলব্ধতার ভোটদান কেন্দ্রগুলি সহ আরো তথ্যের জন্য 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।**
  - **অন্যান্য ভাষায় নিউ ইয়র্ক সিটি নাগরিক নিযুক্তি কমিশন (Civic Engagement Commission)-এর দোভাষীরা কোথায় উপলব্ধ আছেন তা দেখতে on.nyc.gov/vla-এ যান।**
- ভোটদানের বুথে একজন দোভাষী সঙ্গে নিয়ে আসা।
- আপনার ব্যালটে কীভাবে চিহ্ন দিতে হবে এবং কীভাবে ভোটটি দেবেন তা জানতে নির্বাচন কর্মীদের জিজ্ঞাসা করুন।
- নিজের সঙ্গে প্রার্থীদের সম্পর্কে উপাদান ও ব্যালট সংক্রান্ত প্রশ্নাবলী নিয়ে আসা, যেমন ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড (Campaign Finance Board, CFB) ভোটার গাইড। (আপনার ভোট দেওয়া হয়ে গেলে অনুগ্রহ করে এই উপাদানগুলি আপনার সঙ্গে নিয়ে যান।)
- এমনকি ভোটদান যন্ত্র ভাঙা থাকলেও ভোট দেওয়া।
- আপনার ভোটদান কেন্দ্রে ভোটারদের তালিকায় আপনার নাম না থাকলেও "এফিডেভিট ব্যালট" দিয়ে ভোট দেওয়া।
- ফেডারেল এবং স্টেট আইন অনুযায়ী, প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিরা ভোটার নিবন্ধন, অ্যাক্সেসযোগ্য ভোটদান কেন্দ্র এবং তাদের ব্যালট দেওয়ার ক্ষেত্রে সহায়তা পাওয়ার অধিকারী। আপনার যদি কোনো প্রতিবন্ধকতা থাকে এবং আপনি মনে করেন যে ভোট দেওয়ার বা ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার সময় আপনাকে সাহায্য পাওয়ার অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে, তাহলে অনুগ্রহ করে 311 নম্বরে কল করুন।
- আপনি বর্তমানে প্রোবেশন বা প্যারোলে থাকলেও আপনার ভোট দেওয়ার অধিকার আছে। আপনি যদি পূর্বে নিবন্ধন করে থাকেন, তাহলে আপনার ভোটার রেকর্ড এখনও সক্রিয় থাকা উচিত।

**আপনি প্রথমবার ভোট দিলে আপনাকে এই নির্বাচনে ভোট দিতে পরিচয়পত্র দেখাতে হতে পারে।**

- গ্রহণযোগ্য পরিচয়পত্রের মধ্যে রয়েছে বৈধ ছবিযুক্ত আইডি বা বর্তমান ইউটিলিটি বিল, ব্যাঙ্ক স্টেটমেন্ট, সরকারি চেক বা পেচেক, অথবা নাম ও ঠিকানা দেখায় এমন সরকারি নথিপত্র
- আপনি পরিচয়পত্র দেখাতে না পারলে বা না দেখানো পছন্দ করলে আপনার এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দেওয়ার অধিকার রয়েছে।

# আপনার ব্যালটে ভোটদান করা


নির্বাচনের দিন বা আগাম ভোট দেওয়ার সময় আপনার ব্যালট জমা দেওয়ার তিনটি সহজ ধাপ:

## 1 | আপনার ব্যালট নিন

- আপনার নির্দিষ্ট ভোটদান কেন্দ্রে যান এবং আপনার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট/নির্বাচন-কেন্দ্রের এলাকার সঠিক টেবিলটি খুঁজে নিন (এই নম্বরগুলি আপনি নির্বাচন বোর্ড (Board of Elections) থেকে পাওয়া নোটিশে এবং আপনার ভোটার গাইডের ডাকে পাঠানোর লেবেলে মুদ্রিত থাকে) অথবা findmypollsite.vote.nyc/-এ যান।
- স্বাক্ষর করুন এবং ভোট কর্মীর কাছ থেকে আপনার কাগজের ব্যালটটি নিন। আপনি নিজের ব্যালটটি চিহ্নিত করার পর সেটিকে আড়াল করতে একটি গোপনীয়তার খাম প্রদান করা হবে। ব্যালটের পৃষ্ঠার উভয় পাশে ওপরে নির্দেশাবলী দেওয়া থাকবে।
- গোপনীয়তার বুথে যান অথবা ব্যালট মার্কিং ডিভাইস (Ballot Marking Device) ব্যবহারের অনুরোধ করুন যদি আপনার পছন্দগুলি পূরণ করতে আপনার সাহায্যের প্রয়োজন হয়।


## 2 | আপনার ব্যালট চিহ্নিত করুন

- সিটি ব্যতীত পদের জন্য **প্রাথমিক ও সাধারণ নির্বাচনে**, আপনার পছন্দের প্রার্থীর নামের পাশের ঘরটি পূরণ করে ভোট দিন।
  - দেওয়া পেনটি ব্যবহার করে আপনার পছন্দের পাশের ডিম্বাকৃতি অংশটি সম্পূর্ণ ভরাট করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।




  - কোনো "x" বা "✓" ব্যবহার করবেন **<u>না</u>**, ডিম্বাকৃতি অংশটিতে গোল দাগ দেবেন না, বা ব্যালটে এলোমেলো দাগ দেবেন না।
  - কোনো রাইট-ইন প্রার্থীর জন্য, সঠিক ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন এবং প্রার্থীর নাম লিখুন।
  - পিছনে আরও কোনো পছন্দ আছে কিনা তা দেখতে আপনার ব্যালটটি উল্টে দেখুন।
  - আপনার ব্যালট ভাঁজ করবেন **<u>না</u>**।
  - আপনার ব্যালটে আপনার নাম সই করবেন না বা লিখবেন **<u>না</u>**।

- **নির্দিষ্ট কিছু সিটি পদের** জন্য **প্রাথমিক নির্বাচনে**, নিউ ইয়র্ক সিটি **র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা (Ranked Choice Voting)** পদ্ধতি ব্যবহার করে। ব্যালটের **র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা** দিকটিতে নিচের প্রতিদ্বন্দ্বিতাগুলি থাকতে পারে: মেয়র, সরকারী আইনজীবী, নিয়ন্ত্রক, বরো সভাপতি, এবং সিটি কাউন্সিল।
  - আপনি পছন্দের ক্রমানুসারে 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক করতে পারেন।
  - আপনার প্রথম-পছন্দের প্রার্থীকে বেছে নিন এবং 1ম কলামের নিচে সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি সম্পূর্ণ ভরাট করুন।
  - আপনি যদি একাধিক প্রার্থী পছন্দ করেন, তাহলে পাঁচটি পর্যন্ত পছন্দের জন্য সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন।
  - আপনি যদি চান তবে আপনি এখনও শুধুমাত্র একজন প্রার্থীকেই ভোট দিতে পছন্দ করতে পারবেন। অন্য প্রার্থীদের র‍্যাঙ্ক দিলে আপনার প্রথম পছন্দটি ক্ষতিগ্রস্ত হবে না।




  - **একজন প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক <u>করবেন না</u>। যদি আপনি তা করেন, তাহলে শুধুমাত্র আপনার শীর্ষ র‍্যাঙ্কিংটিই তার পক্ষে গণনা করা হবে।**
  - **একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক <u>দেবেন না</u>। আপনি যদি আপনার প্রথম পছন্দ হিসাবে একজনের বেশি প্রার্থীকে পছন্দ করেন, তাহলে আপনার ব্যালট বৈধ হবে না।**

- ব্যালটের **র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান না করা** দিকটিতে নিচের প্রতিদ্বন্দ্বিতাগুলি থাকতে পারে: ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, স্টেট কমিটি, সিভিল কোর্টের বিচারক (ডিস্ট্রিক্ট বা কাউন্টি), ডিস্ট্রিক্ট লীডার, জুডিশিয়াল কনভেনশনের নির্বাচিত প্রতিনিধি।
- **রাইট-ইন ভোটদান করা:** আপনি ব্যালটে তালিকাভুক্ত নন এমন কোনও প্রার্থীকে ভোট দিতে চাইলে আপনার যা করা আবশ্যক:
  - রাইট-ইন প্রার্থীদের জন্য দেওয়া জায়গায় ডিম্বাকৃতি অংশটি সম্পূর্ণ ভরাট করুন, এবং
  - সেই একই ঘরে প্রার্থীর নাম লিখুন বা স্ট্যাম্প দিয়ে চিহ্নিত করুন।

- আপনার পছন্দগুলি পূরণ করতে সাহায্যের প্রয়োজন হলে **ব্যালট মার্কিং ডিভাইস** ব্যবহার করার জন্য অনুরোধ করুন।
  - ব্যালট মার্কিং ডিভাইসটি ভোটারদের ব্যালট অ্যাক্সেস করার দুটি উপায় প্রদান করে:
    - ডিসপ্লে স্ক্রিনে ব্যালটটি দেখা।
    - অডিও হেডফোনের মাধ্যমে ব্যালটটি শোনা।
  - ব্যালট মার্কিং ডিভাইসটি ভোটারদের ব্যালট চিহ্নিত করার চারটি উপায় প্রদান করে:
    - টাচ স্ক্রিন
    - কী প্যাড (ব্রেল)
    - চুমুক ও ফুঁ দেওয়ার যন্ত্র
    - রকার প্যাডেল
  - ব্যালট মার্কিং ডিভাইস ব্যবহার করে আপনার ব্যালট চিহ্নিত করতে এই ধাপগুলি অনুসরণ করুন:
    - আপনি কীভাবে ব্যালটটি অ্যাক্সেস করবেন ও তা চিহ্নিত করবেন সেই সিদ্ধান্ত নিন।
    - ফিড ট্রেতে আপনার ব্যালটটি ঢোকান।
    - আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।
    - ব্যালট মার্কিং ডিভাইসটি আপনাকে আপনার পছন্দ বাছাইয়ের ও আপনার নির্বাচন পর্যালোচনার প্রক্রিয়ার মধ্যে দিয়ে পথ দেখাবে।
    - কোনও নির্বাচন বদলাতে, আপনি যে প্রতিদ্বন্দ্বিতা বা সমস্যাটি বদলাতে চান সেটি নির্বাচন করুন এবং আবার করে যথাযথ পছন্দটি নির্বাচন করুন। সারসংক্ষেপের স্ক্রীনে ফেরত যেতে "NEXT" (পরবর্তী) নির্বাচন করুন।
    - আপনার চিহ্নিত ব্যালট মুদ্রণ করতে "Mark Ballot" (ব্যালট চিহ্নিত করুন) নির্বাচন করুন।
    - আপনার মুদ্রিত ব্যালট ও ভোটার কার্ড স্ক্যানার এলাকায় নিয়ে যান।
    - আপনি নিজের ব্যালটটি স্ক্যানারে ঢোকাতে সাহায্য চাইলে কোনও ভোট কর্মী আপনার সহায়তা করবেন।

## 3 | আপনার ব্যালট স্ক্যান করান

- স্ক্যানারের এলাকায় আপনার গোপনীয়তার খামে ভরা ব্যালটটি নিয়ে যান।
- স্ক্রীনে সংশ্লিষ্ট বোতামটি স্পর্শ করে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।
- আপনার ভোট দান করাতে আপনার চিহ্নিত ব্যালটটি স্ক্যানারে ঢোকান। স্ক্যানার যেকোনো দিক দিয়েই ব্যালট গ্রহণ করে এবং উভয় দিকই পড়তে পারে। আপনার ভোট দান হয়ে গেলে স্ক্যানার আপনাকে তা জানিয়ে দেবে।

**<u>মনে রাখবেন:</u>**
**আপনার ব্যালটটি উল্টে দেখুন!** পিছনের দিকে ভোট দেওয়ার জন্য নির্দেশাবলী এবং/অথবা ব্যালট প্রস্তাব থাকতে পারে।

**ডিম্বাকৃতি অংশটি সম্পূর্ণ ভরাট করুন।** ডিম্বাকৃতি অংশটিতে কোনও "x", কোনও "✓", বা গোল দাগ দেবেন না।

**অন্য কোনো নির্দেশ না দেওয়া থাকলে শুধুমাত্র একজনকে ভোট দিন।** প্রতিটি সারির প্রথম কলামে, ব্যালটে উল্লেখ থাকবে আপনি কতজনকে বেছে নিতে পারবেন। বেশিরভাগ ক্ষেত্রে, এতে লেখা থাকবে "**<u>এক</u>** জনকে ভোট দিন", কিন্তু কিছু ক্ষেত্রে এতে লেখা থাকতে পারে "যেকোনো **<u>দুই</u>** জনকে ভোট দিন", "যেকোনো **<u>তিন</u>** জনকে ভোট দিন", ইত্যাদি। এর মানে হলো আপনি সর্বোচ্চ সেই সংখ্যক প্রার্থীকে ভোট দিতে পারবেন। অনুগ্রহ করে ব্যালটটি মনোযোগ দিয়ে পড়ুন যাতে আপনি খুব বেশি বা খুব কম বিকল্পে ভোট না দেন।

**আপনি কোনও রাইট-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।** আপনি ব্যালটে তালিকাভুক্ত নন এমন কোনো প্রার্থীকে রাইট-ইন ডিম্বাকৃতি অংশটি পূরণ করে এবং দেওয়া জায়গায় তাঁর নাম লিখে ভোট দিতে পারেন।

**প্রতিটি পদের জন্য ও ব্যালটের প্রতিটি প্রশ্নের উপর অবশ্যই ভোট দিন।** স্ক্যান করার আগে আপনার ব্যালটটি যত্ন সহকারে পরীক্ষা করে দেখুন। প্রতিটি প্রতিদ্বন্দ্বিতার জন্য ও ব্যালটের প্রতিটি প্রস্তাবের উপর ভোট দেওয়া নিশ্চিত করুন।

**<u>সমস্যা ও সমাধানসমূহ</u>**

**আমি আমার ব্যালট চিহ্নিত করায় একটি ভুল করে ফেলেছি।**

আপনি যদি সশরীরে ভোট দেন, সেই ক্ষেত্রে আপনি একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্কিং দিলে অথবা আপনি এটিকে স্ক্যান করার সময়ে সম্পূর্ণ ফাঁকা ব্যালট জমা দিলে, ভোটিং মেশিন আপনাকে জানাবে। যদি আপনি কোনো ভুল করেন, তাহলে আপনি ভোট কর্মীর কাছে একটি নতুন ব্যালট চাইতে পারেন। যদি আপনি কোন র‍্যাঙ্কিং বাদ দিয়ে যান বা একই প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করেন, তাহলে ভোটপ্রদান করার মেশিন আপনাকে জানাবে না, কারণ সেই পরিস্থিতিতে আপনার শীর্ষ-পছন্দের ভোটটিই গণনা করা হবে।

**টেক্সটের মাপ খুবই ছোট; আমি আমার কাগজের ব্যালটটি পড়তে পারছি না।**

একটি ম্যাগনিফাইং শিট উপলব্ধ থাকবে। আপনি একটি ব্যালট মার্কিং ডিভাইস ব্যবহার করার জন্যও অনুরোধ করতে পারেন।